সংবাদ
বাংলাদেশ তথ্য ও ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...29 DEC 1988...
পৃষ্ঠা... ...4 কলাম ..3...

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি বহুল প্রচারিত জাতীয় দৈনিকে প্রচার করা হোক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মানের ভর্তি বিজ্ঞপ্তি ৯ই ডিসেম্বর (৮৮) চট্টগ্রামের স্থানীয় পত্রিকায় প্রচার করা হয়েছে। ভর্তির ফরম উঠানো ও জমা দেবার তারিখ ১২ই ডিসেম্বর '৮৮ থেকে ২২শে ডিসেম্বর, '৮৮। এই পত্র লেখার তারিখ ১৭ই ডিসেম্বর, '৮৮ পর্যন্ত ক্যাম্পাসে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের চোখে পড়ছে না। কারণ কি? কারণ আর কিছুই নয়—প্রতি বছর জাতীয় দৈনিক ইত্তেফাক ও সংবাদ-এ ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করা হত। এ বছর করা হয়নি। ঢাকার একটি ইংরেজী দৈনিকে প্রচার করা হয়েছে, কিন্তু ইত্তেফাক ও সংবাদ-এর তুলনায় ইংরেজী পত্রিকাটির পাঠকসংখ্যা খুবই কম। তাই চট্টগ্রাম জেলা ব্যতিরেকে বাংলাদেশের অপরাপর জেলার অধিকাংশ ছাত্র-ছাত্রী সংগত কারণেই ভর্তি বিজ্ঞপ্তির খবর থেকে বঞ্চিত।

এমতাবস্থায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে দূরবর্তী ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের পক্ষ হয়ে অনুরোধ করব, ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় প্রতিনিধিত্বশীল দৈনিকে প্রচার করুন। বিভিন্ন জেলা উপজেলা থেকে আগত দূরবর্তী ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে আবেদনের সময়সীমা বাড়ান। প্রকাশ থাকে যে, গত বছর অপেক্ষমান তালিকা থেকে পুন: ভর্তির বিজ্ঞপ্তি জাতীয় দৈনিকগুলোয় প্রচার না করায় ভর্তিযোগ্য দূরবর্তী অনেক ছাত্র-ছাত্রী যেখানে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়েছে, তেমনি প্রতিটি বিভাগে গড়ে ১৫/২০টি আসন ছাত্রের অভাবে খালি রয়েছে বলে অনুমান করা হচ্ছে। তা আমাদের মতো উচ্চ শিক্ষার ক্ষেত্রে সীমিত আসন ও সুযোগ দেশে খুবই অন্যায়। এটা একটা প্রশাসনিক ত্রুটি হলেও ছাত্রছাত্রীদের এ দ্বারা শিক্ষার অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে।

—মো: রিয়াজুল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ৩৪৪, শাহ আমানত হল।

কয়েকদিন পূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান কোর্সে ভর্তির জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে শুধুমাত্র চট্টগ্রামের স্থানীয় পত্রিকাগুলোতে এবং অবজারভার-এ। এখানে উল্লেখ্য যে, চট্টগ্রামের স্থানীয় পত্রিকাগুলো শুধুমাত্র চট্টগ্রামেই সীমাবদ্ধ এবং অবজারভার খুব সীমিত সংখ্যক পাঠকই পড়ে থাকেন। কিন্তু সংবাদ, ইত্তেফাক-এর মত বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়নি। ফলে দেশের অন্যান্য জেলার বেশীর ভাগ ছাত্র-ছাত্রীই ভর্তি বিজ্ঞপ্তি সম্পর্কে অবগত নয়। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২২-১২-৮৮ নির্ধারণ করা হয়। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ বৃদ্ধি করে ভর্তি পরীক্ষার তারিখসহ একটি পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি (বিবিএ-সহ) জাতীয় পত্রিকাগুলোতে প্রচার করা হোক।

—এনামুল হক, দুলাল, আবু, শাহজাহান, সেলিম, পরিসংখ্যান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।